গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ইনোভেশন ও সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ জিল্লুর রহমান চৌধুরী<br>যুগ্ন সচিব |
| সভার তারিখ | ২৭ জুন ২০১৮ |
| সভার সময় | বেলা ১১ঃ০০ ঘটিকা |
| স্থান | যুগ্ম সচিব (প্রশাসন) এর অফিস কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয় । সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে কার্যপত্র অনুসারে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব ও ইনোভেশন কমিটির সদস্য সচিব জনাব মোঃ হারুন-অর-রশিদ ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন । সভায় বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়। এছাড়া সেবা পদ্ধতি সহজিকরণ (এসপিএস) বিষয়ে পরবর্তী করণীয় নিয়ে আলোচনা করা হয় । জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতায় সাম্প্রতিক সময়ে অনেক বৃহৎ উদ্ভাবনীমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এর মধ্যে Single Point Mooring (SPM) সিস্টেম যার মাধ্যমে বছরে প্রায় ১২০০ কোটি টাকা সাশ্রয় হবে। অন্যদিকে চট্টগ্রাম-ঢাকা তেল পাইপ লাইন স্থাপন প্রকল্প গ্রহণ করা হয়েছে। এতে ঢাকায় নিরাপদে ও নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল সরবরাহ করা সম্ভব হবে। উল্লেখ কার্যক্রমসমূহ এ বিভাগের ইনোভেশন হিসেবে বিবেচনা করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। "নাগরিক সেবায় উদ্ভাবন" সংক্রান্ত ৫ দিনের প্রশিক্ষণ কর্মশালা বিষয়ে আলোচনা হয় । উক্ত প্রশিক্ষণ বিষয়ে এ বিভাগের সিস্টেম এনালিস্ট জানান যে আগামী ৮-১২ জুলাই তারিখে হোটেল পানসি ইন এন্ড রেস্টুরেন্ট,জেলরোড, সিলেট এ “নাগরিক সেবায় উদ্ভাবন”বিষয়ক ৫ দিনের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হবে । উক্ত কর্মশালায় অংশগ্রহণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানপূর্বক পত্র এ বিভাগে প্রেরণ করা হয়েছে । এছাড়া ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়েও আলোচনা হয় । বিস্তারিত আলোচনা শেষে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

**২.১** নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক ৫ দিনের প্রশিক্ষণ কর্মশালায় এ বিভাগের দু'জন কর্মকর্তাকে প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করা হবে।

২.২ ২০১৮-১৯ অর্থবছরের জন্য উদ্ভাবন কর্মপরিকল্পনা জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাকে পত্র প্রেরণ করতে হবে ।

২.৩ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতায় গৃহীত চট্টগ্রাম-ঢাকা তেল পাইপ লাইন স্থাপন, Single Point Mooring (SPM) সিস্টেম ইনোভেশন আইডিয়া হিসেবে গ্রহণ করা যায়।

০৩। অত:পর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।

মোঃ জিল্লুর রহমান চৌধুরী
যুগ্ম সচিব

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.৯৯.০০৪.১৮.৩১১ তারিখ: ২১ শ্রাবণ ১৪২৫
০৫ আগস্ট ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ (দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স-২ শাখা)
২) উপ-সচিব, অপারেশন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) উপ-প্রধান, পরিকল্পনা-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) উপ-সচিব, উন্নয়ন-৪ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৫) সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৬) প্রোগ্রামার, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৭) যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

মোঃ হারুন-অর-রশিদ
উপ-সচিব